দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 3 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

## চট্টগ্রাম বিজ্ঞান কলেজের শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায়!

■ চট্টগ্রাম অফিস

চট্টগ্রাম বিজ্ঞান কলেজের ২৬১ জন এইচএসসি পরীক্ষার্থীর কাছ থেকে প্রায় ৮৭ লাখ টাকা অতিরিক্ত আদায় করার অভিযোগ উঠেছে। তবে চট্টগ্রাম নগর ছাত্রলীগের দাবির মুখে কলেজ কর্তৃপক্ষ প্রতি শিক্ষার্থীকে ৩৩ হাজার ২'শ টাকা করে ফেরত দিতে হচ্ছে। গত শনিবার দুপুরে শিক্ষার্থী, অভিভাবক, ছাত্রলীগ ও কলেজ কর্তৃপক্ষের এক যৌথ বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

জানা গেছে, ২০১৫ সালে নানা প্রলোভন দেখিয়ে ২৬১ জন শিক্ষার্থীকে ভর্তি করায় চট্টগ্রাম বিজ্ঞান কলেজ। দুই বছর ধরে তাদেরকে বিজ্ঞান কলেজেই পড়ানো হয়। বিজ্ঞান কলেজের নামেই সেশন, ল্যাব, উন্নয়ন ফিসহ বিভিন্ন খাতে অতিরিক্ত অর্থও আদায় করা হয়। প্রতি শিক্ষার্থীর কাছ থেকে ৭০ হাজার টাকা পর্যন্ত আদায় করা হয়। কিন্তু দুই বছর পর এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র নিতে গিয়ে শিক্ষার্থীরা দেখতে পায়, তাদেরকে সিটি বিজ্ঞান কলেজের প্রবেশপত্র দেওয়া হচ্ছে এবং সার্টিফিকেটও মিলবে ওই প্রতিষ্ঠানের নামে। বিষয়টি শিক্ষার্থীদের কখনোই জানানো হয়নি। বরং মাত্র ৫'শ থেকে ১ হাজার টাকা বকেয়ার কারণে অনেক শিক্ষার্থীর প্রবেশপত্র আটকে দেওয়া হয়।

নগর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নুরুল আজিম রণি ইত্তেফাককে বলেন, প্রতিষ্ঠানটি শিক্ষার্থীদের সঙ্গে দুই ধরনের প্রতারণা করেছে। তারা ভর্তি হয়েছিল চট্টগ্রাম বিজ্ঞান কলেজে। কিন্তু এইচএসসি পরীক্ষায় তাদের প্রবেশপত্র দেওয়া হচ্ছে সিটি বিজ্ঞান কলেজের নামে। তাছাড়া বোর্ড নির্ধারিত ফি'র বাইরে তারা অতিরিক্ত টাকা আদায় করেছে। আগামী ১০ জুনের মধ্যে টাকা ফেরত দিতে সময় দেওয়া হয়েছে।